DGI BANGLA

# সেমিনারে বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারের পরামর্শ

অক্টোবর ১৬, ২০২৩



সোমবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর সফর করেন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'এর ৬৫ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তা ও অনুষদ সদস্য। এ উপলক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে 'বৈদ্যুতিক দুর্ঘটনা রোধে নাগরিকদের করণীয়' শীর্ষক সেমিনার, উন্মুক্ত আলোচনা ও বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়।

সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, "ডিপিডিসি ও ডেসকোসহ বিদ্যুৎ কোম্পানি সমূহের কর্মকর্তাদের বেতনভাতা ও সুযোগ সুবিধা অনেক বেশি, এই প্রেক্ষাপটে সংশ্লিষ্টদের দূর্নীতিমুক্ত থাকতে হবে। বিদ্যুৎ কোম্পানি সমূহকে সুশাসন দিয়ে গড়ে তুলতে হবে এবং সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। বৈজ্ঞানিক উদ্ভাবন ও প্রযুক্তি দিয়ে বৈদ্যুতিক দূর্ঘটনা রোধ ও বিদ্যুৎ চুরি রোধ করতে হবে এবং গ্রাহক সেবার মান বাড়াতে হবে। বহু মিল কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান কৌশলে বিদ্যুৎ চুরি করছে, তা' কঠোরভাবে দমন করতে হবে।

বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে গুনগত মানসম্পন্ন ও বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহার করার ওপর গুরুত্বারোপ করে তিনি আরো বলেন, ট্রান্সফর্মার নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। বিদ্যুতের অবৈধ সংযোগ থেকে বহু বৈদ্যুতিক দূর্ঘটনা ঘটে, তা' প্রতিরোধে বিদ্যুৎ কর্মকর্তাদের নিয়মিত এলাকা পরিদর্শন ও এনফোর্সমেন্ট কার্যক্রম চালাতে হবে।"

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সিনিয়র কিউরেটর সুকল্যান বাছাড়। সেমিনারে আরও বক্তব্য রাখেন ডিপিডিসি'এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: মহিউল আলম এবং বিজ্ঞান জাদুঘরের উপপরিচালক এ. জে. এম. সালাহ্উদ্দিন নাগরী।

বক্তারা বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বৈদ্যুতিক দূর্ঘটনা পরিহারকল্পে নাগরিক সচেতনতার উপর জোর দেন এবং অনুমোদিত লোডের অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার পরিহারের উপর গুরুত্বারোপ করেন।

ঢাকা, মঙ্গলবার ১৭ অক্টোবর ২০২৩
১ কার্তিক ১৪৩০, ৩০ রবিউল আউয়াল ১৪৪৫

কালের কণ্ঠ

বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক

# ‘বিদ্যুৎ কম্পানিসমূহকে সুশাসন দিয়ে গড়ে তুলতে হবে’



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কম্পানি লিমিটেডের (ডিপিডিসি) ৬৫ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তা ও অনুষদ সদস্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর সফর করেন।

এ উপলক্ষে আজ সোমবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ‘বৈদ্যুতিক দুর্ঘটনা রোধে নাগরিকদের করণীয়’ শীর্ষক সেমিনার, উন্মুক্ত আলোচনা ও বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়।

সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, ‘ডিপিডিসি ও ডেসকোসহ বিদ্যুৎ কম্পানিসমূহের কর্মকর্তাদের বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা অনেক বেশি, এই প্রেক্ষাপটে সংশ্লিষ্টদের দুর্নীতিমুক্ত থাকতে হবে। বিদ্যুৎ কম্পানিসমূহকে সুশাসন দিয়ে গড়ে তুলতে হবে এবং সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।
বৈজ্ঞানিক উদ্ভাবন ও প্রযুক্তি দিয়ে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ও বিদ্যুৎ চুরি রোধ করতে হবে এবং গ্রাহকসেবার মান বাড়াতে হবে।’

তিনি আরো বলেন, ‘বহু মিল-কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান কৌশলে বিদ্যুৎ চুরি করছে, তা কঠোরভাবে দমন করতে হবে। বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহার করতে হবে এবং ট্রান্সফরমার নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। বিদ্যুতের অবৈধ সংযোগ থেকে বহু বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটে, তা প্রতিরোধে বিদ্যুৎ কর্মকর্তাদের নিয়মিত এলাকা পরিদর্শন ও এনফোর্সমেন্ট কার্যক্রম চালাতে হবে।
বক্তারা বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বৈদ্যুতিক দুর্ঘটনা পরিহারকল্পে নাগরিক সচেতনতার ওপর জোর দেন এবং অনুমোদিত লোডের অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার পরিহারের ওপর গুরুত্বারোপ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সিনিয়র কিউরেটর সুকল্যাণ বাছাড়। সেমিনারে আরো বক্তব্য দেন ডিপিডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মহিউল আলম এবং বিজ্ঞান জাদুঘরের উপপরিচালক এ জে এম সালাহ্উদ্দিন নাগরী।

মঙ্গলবার, ১৭ অক্টোবর ২০২৩
১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

# ‘দুর্নীতিতে জড়াবেন না, ডেসকো-ডিপিডিসি তো ভালো বেতন দেয়’




ডেসকো ও ডিপিডিসির কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ভালো উল্লেখ করে তাদের দুর্নীতি-অনিয়মে না জড়ানোর আহ্বান জানিয়েছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক (ডিজি) মোহাম্মাদ মুনীর চৌধুরী।

তিনি বলেন, ডিপিডিসি ও ডেসকোসহ বিদ্যুৎ কোম্পানিগুলোর কর্মকর্তাদের বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা অনেক বেশি। সেখানে যারা চাকরি করেন, তারা ভালো বেতন-ভাতা পেয়ে থাকেন। কোনোভাবেই আপনারা দুর্নীতিতে জড়াবেন না, দুর্নীতিমুক্ত থাকবেন।



সোমবার (১৬ অক্টোবর) ‘বৈদ্যুতিক দুর্ঘটনা রোধে নাগরিকদের করণীয়’ শীর্ষক সেমিনার ও উন্মুক্ত আলোচনায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিপিডিসির ৬৫ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তা ও অনুষদ সদস্য এ সেমিনারে অংশ নেন। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে এ সেমিনারের আয়োজন করা হয়।

মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, বিদ্যুৎ কোম্পানিগুলোকে সুশাসন দিয়ে গড়ে তুলতে হবে। সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। উদ্ভাবন ও প্রযুক্তি দিয়ে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ও বিদ্যুৎ চুরি ঠেকাতে হবে। পাশাপাশি গ্রাহকসেবার মান বাড়াতে হবে। বহু মিল কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান কৌশলে বিদ্যুৎ চুরি করছে, তা কঠোরভাবে দমন করতে হবে।

বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও বিদ্যুৎসাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে তিনি আরও বলেন, ট্রান্সফরমার নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। বিদ্যুতের অবৈধ সংযোগ থেকে বহু বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটে, তা প্রতিরোধে বিদ্যুৎ কর্মকর্তাদের নিয়মিত এলাকা পরিদর্শন ও এনফোর্সমেন্ট কার্যক্রম চালানো জরুরি।



সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন জাদুঘরের সিনিয়র কিউরেটর সুকল্যাণ বাছাড়। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডিপিডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহিউল আলম ও বিজ্ঞান জাদুঘরের উপ-পরিচালক এ জে এম সালাহ্উদ্দিন নাগরী প্রমুখ।

বক্তারা বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং দুর্ঘটনা এড়াতে নাগরিক সচেতনতার ওপর জোর দেন। পাশাপাশি অনুমোদিত লোডের অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার পরিহারের ওপরও গুরুত্বারোপ করেন।